

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষকদের মানোন্নয়ন কর্মসূচি



নিজস্ব প্রতিনিধি : নেতাজী মুক্ত বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষকদের প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য ১৯ সেপ্টেম্বর থেকে ৩ দিনের কর্মশালা শুরু হয়েছে। নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সল্টলেক ক্যাম্পাসে এই কর্মশালায় 'টেলারিং ও ড্রেস ডিজাইনিং', 'প্রি-প্রাইমারি টিচার্স ট্রেনিং মন্তেশরী' ও 'যোগা অ্যান্ড নেচারোপ্যাথি' কোর্সের প্রশিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এসভিএস/সিএলএল বিভাগের অধিকর্তা ড. অনির্বাণ ঘোষ কর্মশালায় অংশ

নেওয়া বিশ্ববিদ্যালয়ের স্টাডি সেন্টারের বিভিন্ন প্রশিক্ষকদের সঙ্গে সমন্বয় সাধন করছেন। কর্মশালার শেষে অংশ নেওয়া ৭৮জন প্রশিক্ষককে শংসাপত্র দেওয়া হবে। প্রসঙ্গত উল্লেখ্য, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে উৎকর্ষতার জন্য ইন্ডিয়ান এমপ্লয়েবেল ফোরাম ও ইন্ডিয়ান এমপ্লয়ার ফোরাম আয়োজিত 'মেকিং ইন্ডিয়া এমপ্লয়েবেল ইন হায়ার এডুকেশন অন ভোকেশনাল স্টাডিজ' পুরস্কার পেয়েছে।